



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৩০

১৩ শ্রাবণ ১৪২৮

তারিখ :

২৮ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত
বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরিউক্ত বিষয়ে ১৩ জুলাই ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৯ এর প্রতি আপনাদের দৃষ্টি
আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় ১ ও ৪ আগস্ট ২০২১ তারিখে
সকল ব্যাংক বন্ধ থাকবে।

০৩। ২, ৩ ও ৫ আগস্ট ২০২১ তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবেঃ

ব্যাংকিং লেনদেন সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত।

০৪। ১৩ জুলাই ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৯ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনাবলী
অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩